



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০২০.১১.০০৩.২২. ১৬৭৬

তারিখঃ ০৮ আগস্ট ২০২২ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের রাজস্ব খাতভুক্ত স্থায়ী শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদের বিবরণ নিম্নরূপঃ

ক্র. নং	পদের নাম, বিভাগ বৈতন স্কেল ও গ্রেড	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	পদের সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১.	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য/মৎস্য/কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান/প্রাণিসম্পদ/বন) টাঃ ৫০,০০০-৭১,২০০/- (গ্রেড-৪)	৪৫ বৎসর	৭ (সাত)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞানের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রথম শ্রেণির পদে অনূন ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা; (খ) স্বীকৃত জার্নালে অনূন ৬ (ছয়) টি গবেষণা প্রকাশনা; এবং (গ) শিক্ষা জীবনের সকল স্তরে অনূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ থাকিতে হইবে।	সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
২.	সিনিয়র সায়েন্টিফিক অফিসার (প্রযুক্তি হস্তান্তর) টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-৬)	৪০ বৎসর	২ (দুই)	(ক) জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত (NARS) প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসাবে অনূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বা পুষ্টি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অনূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা এবং (খ) স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অনূন ৩ (তিন) টি প্রকাশনা; (গ) শিক্ষা জীবনের সকল স্তরে অনূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ থাকিতে হইবে।	সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।

- ১। প্রার্থীর নিজের নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ইত্যাদি উল্লেখপূর্বক ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বরাবর আবেদন করতে হবে।
- ২। প্রার্থীকে নির্দিষ্ট পদ ও বিভাগের নাম উল্লেখপূর্বক আবেদন করতে হবে। একজন প্রার্থী একাধিক বিষয়ে আবেদন করতে পারবেন, তবে প্রতি ক্ষেত্রে বিভাগ উল্লেখপূর্বক পৃথক ০৩ (তিন) প্রস্থ প্রোফাইলসহ আবেদন করতে হবে।
- ৩। প্রার্থীগণকে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্ধারিত ফরমে ০৩ (তিন) প্রস্থ প্রোফাইল জমা দিতে হবে। কাউন্সিলের সংস্থাপন শাখা বা কাউন্সিলের ওয়েবসাইট www.barc.gov.bd হইতে নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে।
- ৪। ০৪-০৯-২০২২ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ০৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

- ৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ৮। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৯। আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে আবেদন জমাদানের শেষ তারিখ ০৪-০৯-২০২২, বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আবেদন জমা দিতে হবে।
- ১০। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ ও ভোটার আইডি কার্ড এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ১১। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।



(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ০২-২২২২৪২৬২৮